



স্মারক নং: জাককানইবি/রেজিঃ/একা:/সউস/১০৭৬/১৬/১৩৪৭২ (১৪০৫)

তারিখ: ১০/০৪/২০১৭

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েট

প্রিয় মহোদয়

আপনাকে জানানো যাচ্ছে যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন আগামী ১৯ এপ্রিল বুধবার বেলা ০২.৩০ টায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন সংলগ্ন পুরাতন খেলার মাঠে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যাম্পেলর জনাব মোঃ আবদুল হামিদ সভাপতিত্ব করবেন।

সমাবর্তনে অংশগ্রহণকারীদেরকে নির্ধারিত একাডেমিক কস্টিউম (পোষাক) ব্যবহার করতে হবে। এজন্য ১৬, ১৭ ও ১৮ এপ্রিল, ২০১৭ যথাক্রমে রবিবার, সোমবার ও মঙ্গলবার সকাল ৯.৩০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত কলা ভবনের ৪১৮ নং কক্ষ হতে এই আমন্ত্রণপত্র অনুসারে (নির্দেশিকা) একাডেমিক কস্টিউম বিতরণ করা হবে :

বুথ ১।	কলা অনুসদ ভবন	: কলা অনুসদভুক্ত বিভাগ সমূহের গ্র্যাজুয়েটবৃন্দ।
বুথ ২।	বিজ্ঞান ভবন	: বিজ্ঞান অনুসদভুক্ত বিভাগ সমূহের গ্র্যাজুয়েটবৃন্দ।
বুথ ৩।	ব্যবসায় প্রশাসন অনুসদ	: ব্যবসায় প্রশাসন অনুসদভুক্ত বিভাগ সমূহের গ্র্যাজুয়েটবৃন্দ।
বুথ ৪।	সামাজিক বিজ্ঞান অনুসদ	: সামাজিক বিজ্ঞান অনুসদভুক্ত বিভাগ সমূহের গ্র্যাজুয়েটবৃন্দ।

উক্ত তারিখ ও সময় ছাড়া একাডেমিক কস্টিউম প্রদান করা হবে না। নির্ধারিত বুথ থেকে ফরম পূরণ করে নির্ধারিত কস্টিউম ও গিফট (ক্যাপ) সংগ্রহ করতে হবে।

সমাবর্তন রিহার্সেল (মহড়া) ও সমাবর্তন অনুষ্ঠান :

সমাবর্তন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ১৮ এপ্রিল ২০১৭ তারিখ মঙ্গলবার শিক্ষার্থীদের বেলা ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী সংলগ্ন নতুন খেলার মাঠে রিহার্সেল (মহড়া) অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বেলা ১০.০০ টার মধ্যে আপনাকে নির্ধারিত স্থানে উপস্থিতির জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

১৯ এপ্রিল বুধবার বেলা ১২.০০ টা থেকে ১.৩০ টার মধ্যে আপনাকে সমাবর্তন অনুষ্ঠানস্থলে প্রবেশ করে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। সমাবর্তন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র ছাড়া অনুষ্ঠানে প্রবেশ করা যাবে না এবং একাডেমিক কস্টিউমও প্রদান করা হবে না।


উল্লেখ্য ১৮ এপ্রিল ২০১৭ তারিখ মঙ্গলবার সমাবর্তন রিহার্সেলে এবং ১৯ এপ্রিল বুধবার অনুষ্ঠেয় সমাবর্তনে কস্টিউম পরিধান ছাড়া অংশগ্রহণ করতে দেয়া হবে না।


মাননীয় চ্যাম্পেলর সমাবর্তন প্যাভিলে প্রবেশ করে মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত এবং সমাবর্তন শেষে সমাবর্তনস্থল ত্যাগ না করা পর্যন্ত আপনাকে নিজ আসনের সামনে দাঁড়িয়ে থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাকে প্রদানকৃত একাডেমিক কস্টিউম (গাউন ও হুড) সমাবর্তন শেষে ঐদিনই অর্থাৎ ১৯ এপ্রিল ২০১৭ তারিখে রাত ৮.০০ টার মধ্যে অবশ্যই সংগ্রহকৃত স্থানে ফেরত দিয়ে কস্টিউম ফেরত রশিদটি বুঝে নিয়ে তা দাখিল করে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর থেকে মূল সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।

বিশেষ দৃষ্টব্য :

- ❖ প্রদত্ত একাডেমিক কস্টিউম ধোলাই বা ইঞ্জি করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে কস্টিউম ফেরত না দিলে প্রতিদিন ১০০/- (একশত) টাকা হারে জরিমানা দিতে হবে। তবে সমাবর্তন ক্যাপটি উপহার সামগ্রী হিসেবে প্রদান করা হবে।
- ❖ আমন্ত্রণপত্র ও নির্দেশিকা হস্তান্তরযোগ্য নয়।
- ❖ মোবাইল ফোন, হ্যান্ডব্যাগ, ছাতা, পানির বোতল ও ক্যামেরা নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।
- ❖ অনুষ্ঠানস্থলে আমন্ত্রণপত্র ছাড়া কোনো অতিথি প্রবেশ নিষেধ।
- ❖ অনুষ্ঠানস্থলে প্রবেশের পর বাইরে যাওয়া-আসা না করাই সমীচীন।
- ❖ গোল্ড মেডেল নেওয়ার সময় অবশ্যই হেড খুলে আসতে হবে এবং মেয়েদের চুল বেঁধে আসতে হবে।
- ❖ গিফট আইটেম ও খাবারের কুপন ১৮ এপ্রিল, ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ টায় পৃথকভাবে বিতরণ করা হবে। এছাড়া সমাবর্তনের দিন অর্থাৎ ১৯ এপ্রিল, ২০১৭ তারিখ বুধবার বেলা ৩.৪০ টায় খাবার বিতরণ করা হবে।



আদেশক্রমে,

(ড. মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ
মোবাইল: ০১৭১৫-২৮১৮৯২